**M.A.I Salehi**
Assistant Teacher
The Millennium Stars School & College, Cantonment Rangpur
Mobile: 01826394644

# ENGLISH GRAMMAR: VERBS & WH-QUESTIONS

## ১. Verb (ক্রিয়া) কাকে বলে?

Verb-কে বলা হয় **doing word** বা **living word**, অর্থাৎ Verb হচ্ছে একটি বাক্যের প্রাণ বা আত্মা (soul)। এক কথায়, যে word দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর কোনো কিছু করা, যাওয়া, হওয়া, খাওয়া, থাকা, অবস্থান করা ইত্যাদি বোঝায়, ইংরেজিতে তাকে **Verb** বলে।

Verb মূলত আমাদের তিনটি বিষয়ে ধারণা দেয়, যথা:-

- **কোনো ব্যক্তি (person) বা বস্তু (thing) কী করে:** The girl sings. (মেয়েটি কী করে? → গান গায়।)
- **কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি কী করা হয়:** Rice is eaten. (ভাত কী করা হয়? → খাওয়া হয়।)
- **কোনো ব্যক্তি বা বস্তু কী রকম হয়:** The man is intelligent. (লোকটি কেমন? → বুদ্ধিমান।)

# CLASSIFICATION OF VERBS (ক্রিয়ার প্রকারভেদ)

Verb-কে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। যথা:-

1. **Finite Verb (সমাপিকা ক্রিয়া)**
2. **Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া)**

## (i) Finite Verb (সমাপিকা ক্রিয়া)

Subject-এর number, person এবং tense অনুযায়ী যে verb-এর রূপের পরিবর্তন হয় এবং যার দ্বারা sentence-এর অর্থ পুরোপুরি প্রকাশ পায়, তাকে **Finite Verb** বলে।

> **উদাহরণ:**
> • Sarah **does** a job.
> • They **do** a job.
> • She **did** a job.
> • They have **done** a job.

## (ii) Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া)

Subject-এর number, person এবং tense অনুযায়ী যে verb-এর রূপের পরিবর্তন হয় না এবং যার দ্বারা sentence-এর অর্থ পুরোপুরি প্রকাশ পায় না, তাকে **Non-finite Verb** বলে।

> **উদাহরণ:**
> • I saw a bird **flying**.
> • A bird was seen **flying**.
> • He wants **to help** the poor.
> • We also wanted **to help** the poor.

## Non-finite Verb-এর প্রকারভেদ

Non-finite verb-কে আবার তিন ভাগে ভাগ করা যায়। যথা:-

**(i) Infinitive:** কোনো verb-এর base form-এর পূর্বে **to** যুক্ত হয়ে infinitive গঠিত হয়। এটা sentence-এর subject-এর সাথে সম্পর্কিত নয়; এটি শুধু verb-এর ভাব প্রকাশ করে। বাংলায় সাধারণত যেতে, খেতে, করতে, ধরতে, খেলতে, বলতে ইত্যাদি বোঝাতে infinitive ব্যবহৃত হয়।

> • **To tell** a lie is a great sin.
> • I went to Dhaka **to meet** my parents.

**(ii) Gerund:** Verb-এর present form-এর সাথে **ing** যুক্ত হয়ে যখন একই সাথে verb ও noun-এর কাজ সম্পন্ন হয়, তখন তাকে gerund বলে। (Verb + ing = Noun)

- **Walking** is a good exercise.
- I don't like **smoking**.

**(iii) Participle:** Verb-এর যে রূপ একই সাথে verb এবং adjective-এর কাজ সম্পন্ন করে, তাকে participle বলে। (Verb + Adjective)

- A **barking** dog seldom bites.
- Do not sit on the **broken** chair.
- **Having done** the work, I went home.

**Participle-কে তিন ভাগে ভাগ করা যায়:**
(a) **Present Participle:** Verb + ing (যেমন: Do not disturb the *sleeping* dog / A *rolling* stone gathers no moss).
(b) **Past Participle:** Verb-এর p.p form (d, ed, n, t, en, ne যুক্ত) (যেমন: He is a *retired* professor / *Polluted* water is harmful).
(c) **Perfect / Compound Participle:** Having + V-এর p.p (যেমন: *Having done* the work, I returned home / *Having lost* the son, she became mad).

## Infinitive-এর প্রকারভেদ (Types of Infinitive)

Non-finite Infinitive-কে পাঁচ ভাগে ভাগ করা যায়। যথা:-

- **Simple / Noun Infinitive:** যে infinitive বাক্যে noun-এর কাজ করে।
  উদাহরণ: **To tell** a lie is a great sin. / He refused **to take** the money.
- **Gerundial / Qualifying Infinitive:** যে infinitive কোনো adjective বা adverb-এর কাজ করে (উদ্দেশ্য, কারণ, শর্ত, ফলাফল নির্দেশ করতে)।
  *Purpose*: I went home **to see** my mother.
  *Cause*: He is happy **to get** the job.
  *Condition*: You can take my book **to read** only for a week.
  *Result*: We eat **to live**.
  *Noun*-কে *modify* করতে: This is a chair **to sit** on.
  *Adverb*-কে *modify* করতে: She is strong enough **to carry** the load.
  *Parenthetically*: **To speak** frankly, he is a thief.
- **Perfect Infinitive:** অসম্পূর্ণ আশা বা ইচ্ছা বোঝাতে (to + have + $V_3$)। Want, wish, desire, hope, intend ইত্যাদির পর বসে।
  উদাহরণ: I wished **to have gone** there. / He desired **to have done** the work.
- **Split Infinitive:** To এবং verb-এর মাঝখানে কোনো adverb বা শব্দ বসলে তাকে split infinitive বলে।
  উদাহরণ: I told him **to quickly finish** the lesson. / He asked me **to kindly lend** a book.
- **Bare Infinitive:** যেখানে verb-এর পূর্বে to উহ্য (silent) থাকে।
  উদাহরণ: Let him **(to) do** the work. / You had better **(to) go** home.

# FINITE VERB-এর প্রকারভেদ

Finite Verb-কে দুই ভাগে ভাগ করা যায়। যথা:-

1. **Principal Verb / Main Verb (মূল ক্রিয়া)**
2. **Auxiliary Verb / Helping Verb (সাহায্যকারী ক্রিয়া)**

## (i) Principal Verb (মূল ক্রিয়া)

যে verb অন্য verb-এর সাহায্য ছাড়া স্বাধীনভাবে sentence-এর অর্থ সম্পূর্ণ করতে পারে, তাকে principal verb বা main verb বলে।

- Always **speak** the truth.
- He **reads** a book.
- Ice **floats** on water.

**Principal Verb-এর প্রকারভেদ:**

- **Transitive Verb (সকর্মক ক্রিয়া):** যে verb-এর object বা কর্ম থাকে। Object ছাড়া অর্থ অসম্পূর্ণ থাকে।
  উদাহরণ: We **love** our motherland. / They **play** cricket. / She **draws** a picture.
  **Object ব্যবহারের ধরন:** Noun (I like the *boy*) অথবা Pronoun (You ordered *me* / I helped *him*).
- **Intransitive Verb (অকর্মক ক্রিয়া):** যে verb-এর কোনো object বা কর্ম লাগে না, স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশ করে।
  উদাহরণ: The boy **sleeps**. / She **dances**. / The baby **cries**. / They are **going**.

### (ii) Auxiliary Verb (সাহায্যকারী ক্রিয়া)

যে verb মূল principal verb-কে পূর্ণ অর্থ প্রকাশ করতে সাহায্য করে, তাকে auxiliary verb বলে। (যেমন: We **must** die / They **will** play football / They **do** not make a noise).

Auxiliary Verb-কে দুই ভাগে ভাগ করা যায়:

- **Primary / Ordinary Auxiliary Verb:**
  - *To be verb*: am, is, are, was, were, be, being, been.
  - *To do verb*: do, does, did.
  - *To have verb*: have, has, had.
- **Modal Auxiliary Verb:** Tense বা mood প্রকাশের জন্য ব্যবহৃত হয় (s/es যুক্ত হয় না এবং এদের পর base form বসে)। তালিকা: shall, should, will, would, can, could, may, might, must, need, dare, ought to, used to.

## SPECIAL GRAMMAR: WH-QUESTIONS (Which & How)

### 1. Which-এর ব্যবহার

**সাধারণ নিয়ম:** Which সাধারণত ব্যক্তি বা বস্তুর ক্ষেত্রে প্রশ্ন তৈরিতে ব্যবহৃত হয়।

> • Statement: I read in class ten.
> • Question: **Which class** do you read in?

**Pronoun হিসেবে Which-এর ব্যবহার:**

> • Statement: Honesty is the best policy. → Question: **Which** is the best policy?
> • Statement: Knowledge is power. → Question: **Which** is power?
> • Statement: Hamlet is my favourite drama. → Question: **Which** is your favourite drama?

**Possessive Noun-এর পরিবর্তে Which:**

> • Statement: Our house is next to Kamal's. → Question: **Which** is your house?

**N.B.** Which সাধারণত বস্তুর পরিবর্তে বসে। তবে যখন selection বা choice (বাছাই) বোঝায়, তখন ব্যক্তি ও বস্তু উভয়ের ক্ষেত্রেই বসতে পারে। এছাড়া which বাক্যের subject হলে auxiliary verb-এর প্রয়োজন হয় না, তবে অন্য subject থাকলে auxiliary verb বসাতে হয়।

**Negative WH-Interrogative Sentence-এ Which:**

> • Statement: I did not use any one. → Question: **Which one** did you not use?
> • Statement: I shall not buy a story book. → Question: **Which book** will you not buy?

### 2. How-এর ব্যবহার (কীভাবে / কত / কেমন)

How-এর সাথে বিভিন্ন শব্দ যুক্ত হয়ে যৌগিক প্রশ্নবোধক শব্দ গঠন করে:

| Compound Word | অর্থ / ব্যবহার | Compound Word | অর্থ / ব্যবহার |
|---|---|---|---|
| **How much** | কত / কতটা পরিমাণ | **How far** | কতদূর / কতটা |
| **How many** | কতগুলো (সংখ্যা) | **How small** | কত ক্ষুদ্র / সামান্য |
| **How long** | কতক্ষণ / কতটা সময় | **How good** | কত ভালো / কত কাজের |